১৪

দৈনিক বাংলা

তারিখ 01 FEB 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

### প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন

# আজ একুশের বইমেলা শুরু ঃ স্টল সংখ্যা এবার ৪৭৪

স্টাফ রিপোর্টার ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আজ বৃহস্পতিবার বেলা ১১টায় বাংলা একাডেমী প্রাঙ্গণে মাস-ব্যাপী একুশের বইমেলা ও অনুষ্ঠানমালা উদ্বোধন করবেন। বাংলা একাডেমী বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় অমর একুশে বইমেলার আয়োজন করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম। বাংলা একাডেমী প্রাঙ্গণ,

(৮-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আজ একুশের বইমেলা

(প্রথম পৃষ্ঠার পর)

টিএসসি থেকে দোয়েল চত্বর পর্যন্ত ব্যাপক এলাকা জুড়ে গতরাতেও স্টল সজ্জার কাজকর্ম চলেছে।

গতকাল বাংলা একাডেমীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে একাডেমীর মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা অমর একুশে গ্রন্থমেলার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি জানান, এবারের বইমেলার বাজেট হচ্ছে ১৪ লক্ষ ৮৪ হাজার টাকা। গতবার ছিল ১৪ লক্ষ ৫৬ হাজার টাকা। বাংলা একাডেমীর ভেতরে-বাইরে মোট স্টলের সংখ্যা এবার ৪৭৪টি। গত বছর স্টল ছিল ৪৬০টি।

তিনি জানান, পবিত্র রমজান মাসের কারণে এবার মেলা ও অনুষ্ঠানের কর্মসূচীতে কিছুটা রদবদল করা হয়েছে। মেলা প্রতিদিন খোলা থাকবে সকাল দশটা থেকে বিকাল পাঁচটা পর্যন্ত। অনুষ্ঠানমালায় ২১ ফেব্রুয়ারী পর্যন্ত কোন সাংস্কৃতিক অনুষ্ঠান রাখা হয়নি। ঈদের পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা থাকবে।

এক প্রশ্নের উত্তরে মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা বলেন, গত বছর বাংলা একাডেমীর কার্যনির্বাহী পরিষদে সিদ্ধান্ত নেয়া হয় যে যিনি সরকার প্রধান থাকবেন, মেলা তিনিই উদ্বোধন করবেন। ২/১টি ছাত্র সংগঠন এতে ভিন্নমত পোষণ করেছে। সেটা আমরা যথাস্থানে জানিয়েছি।

অপর এক প্রশ্নের জবাবে মহাপরিচালক বলেন, গত মঙ্গলবার স্টল পোড়ানোর ঘটনার পর মেলায় পুলিশ ও বিডিআর এসেছে। প্রথম ঘটনার পর দ্বিতীয়টি ঘটেছে। তবে পুলিশ বিডিআরের উপস্থিতিতে মেলা অনুষ্ঠান প্রত্যাশিত নয়।

মেলার নিরাপত্তা সম্পর্কিত এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা জোর করে আইন মানাতে পারব না। আমরা শুধুমাত্র নৈতিক প্রভাব খাটাতে পারি। বাংলা একাডেমী প্রকাশক, বিক্রেতাদের নিরাপত্তা দেবে না। তারাই আমাদের নিরাপত্তার ব্যবস্থা করবে।

সাংবাদিক সম্মেলনে বাংলা একাডেমীর সিনিয়র পরিচালক ও ভারপ্রাপ্ত সচিব শামসুজ্জামান খান, আরো চারজন পরিচালক গোলাম মঈনউদ্দিন, আজহার ইসলাম, সুব্রত বড়ুয়া, মুহম্মদ নূরুল হুদা ও গ্রন্থমেলা কমিটির সদস্য সচিব ও উপপরিচালক মাহফুজুর রহমান খান উপস্থিত ছিলেন।